

# যুগান্তর

প্রিন্ট: ০৮ সেপ্টেম্বর ২০২৫, ১১:২৮ এএম

শিক্ষাঙ্গন

## রাকসু নির্বাচনে শিবিরের প্যানেল ঘোষণা



রাবি প্রতিনিধি

প্রকাশ: ০৭ সেপ্টেম্বর ২০২৫, ০৯:২০ পিএম



ছবি: যুগান্তর

রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (রাকসু), হল সংসদ এবং সিনেট ছাত্র প্রতিনিধি নির্বাচনে প্যানেল ঘোষণা করেছে শাখা ইসলামী ছাত্রশিবির। কেন্দ্রীয় সংসদে সহ-সভাপতি (ভিপি) মোস্তাকুর রহমান জাহিদ, সাধারণ সম্পাদক (জিএস) পদে ফজলে রাবি মো. ফাহিম রেজা নির্বাচন করবেন।

রোববার (৭ সেপ্টেম্বর) বিকালে রাকসু কার্যালয়ের সামনে শাখা ইসলামী ছাত্রশিবিরের সাবেক সভাপতি আব্দুল মোহাইমিন এ প্যানেল ঘোষণা করেন। ছাত্রশিবিরের এই প্যানেলের নাম ‘সম্মিলিত শিক্ষার্থী জোট’। তারা তাদের প্যানেলকে ‘ইনক্লুসিভ’ হিসেবে দাবি করেছেন।

সহ-সভাপতি (ভিপি) পদে মোস্তাকুর রহমান জাহিদ লড়বেন শাখা ছাত্রশিবিরের বর্তমান সভাপতি। ফজলে রাবি মো. ফাহিম রেজা সাধারণ সম্পাদক পদে প্যানেলে হয়ে প্রতিদ্বন্দ্বিতা করবেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাবেক সমন্বয়ক। সহ-সাধারণ সম্পাদক পদে লড়বেন স্টুডেন্ট নেটওয়ার্ক সোচ্চারের সভাপতি এস এম সালমান সাব্বির।

প্যানেলে ত্রীড়া সম্পাদক পদে প্রতিদ্বন্দ্বিতা করবেন হামিদুল্লাহ নাঈম, সহ-ত্রীড়া সম্পাদক আবু সাইয়েদ সামী, সাংস্কৃতিক সম্পাদক পদে জায়িদ হাসান, সহ-সাংস্কৃতিক সম্পাদক রাকিবুল ইসলাম, মহিলা সম্পাদক পদে সাইয়েদা হাফসা, সহ-মহিলা সম্পাদক সামিয়া জান্নাত, তথ্য ও গবেষণা সম্পাদক পদে নাজমুস সাকিব, সহ-তথ্য ও গবেষণা সম্পাদক সিফাত আবু সালেহ, মিডিয়া ও প্রকাশনা সম্পাদক পদে মুজাহিদুল ইসলাম, সহ-মিডিয়া সম্পাদক আসাদুল্লাহ আল গালিব, বিজ্ঞান ও প্রযুক্তি সম্পাদক পদে হাচান হাওলাদার এবং সহ-বিজ্ঞান সম্পাদক মুজাহিদুল ইসলাম সায়েম।

বিতর্ক ও সাহিত্য সম্পাদক পদে প্রতিদ্বন্দ্বিতা করবেন ইমরান লস্কর, সহ-বিতর্ক সম্পাদক নয়ন মুরসালীন, পরিবেশ ও সমাজসেবা সম্পাদক পদে আব্দুল্লাহ আল মাসুদ, সহ-সমাজসেবা সম্পাদক মাসুমা ইসরাত মুমু। নির্বাহী সদস্য পদে প্রতিদ্বন্দ্বিতা করবেন দ্বীপ, সুজন চন্দ্র, মো. ইমজিয়াউল হক ও খালিদ হাসান।

প্যানেল ঘোষণার আগে ছাত্রশিবিরের সাবেক সভাপতি আব্দুল মোহাইমিন বলেন, ‘জুলাই আন্দোলনের ৯ দফার মধ্যে অন্যতম দাবি ছিল ক্যাম্পাসগুলোতে ছাত্র সংসদ নির্বাচন। আমরা বিশ্বাস করি, সেই আন্দোলনের ধারাবাহিকতায় রাকসু হবে একটি শক্তিশালী প্ল্যাটফর্ম। যেখানে প্রতি শিক্ষার্থী নির্ভয়ে কথা বলতে পারবে এবং নিজের অধিকার আদায়ে ঐক্যবদ্ধ হতে পারবে। আসন্ন রাকসু নির্বাচনে ছাত্রশিবির ক্যাম্পাসের সব অংশীজনকে নিয়ে একটি ইনক্লুসিভ প্যানেল সাজিয়েছে। আমরা প্যানেলে বিগত জুলাই অভ্যুত্থানে আহত, জুলাইয়ের সামনের সারির যোদ্ধা এবং বিভিন্ন মত ও বিশ্বাসের শিক্ষার্থীদের মিলন ঘটিয়েছি।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাবেক সমন্বয়ক ফজলে রাবিব মো. ফাহিম রেজা বলেন, আমি স্বতন্ত্রভাবে জিএস পদে নির্বাচন করার আকাঙ্ক্ষা করছিলাম। পরবর্তীতে ইসলামী ছাত্রশিবিরের পক্ষ থেকে ইনক্লুসিভ প্যানেল করার উদ্যোগ গ্রহণ করা হয়। পারস্পরিক আলোচনার মাধ্যমে আমি ছাত্রশিবিরের প্যানেলে নির্বাচন করার সম্মতি জ্ঞাপন করি। ফ্যাসিবাদের ১৫ বছরে দীর্ঘ সংগ্রাম ও ত্যাগ পেরিয়ে এসে ইসলামী ছাত্রশিবির চব্বিশের আন্দোলনে ভূমিকা রেখেছে। এরপর গত এক বছরে তারা ক্যাম্পাসে ছাত্রবান্ধব রাজনীতি করার চেষ্টা করেছে। সেই জায়গা থেকে আমি এই প্যানেলে যুক্ত হয়েছি।